

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭.
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

নং- ৮০.১০৬.০১১.১৫.১৮.০৫৭.২০১৭.৩১২

তারিখ : ৩১.০৭.২০১৮

বিষয় : ১ম ও ২য় শ্রেণির ০৬ [ছয়] ক্যাটাগরি পদের লিখিত পরীক্ষা অনুষ্ঠান প্রসঙ্গে।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক গৃহীতব্য স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং নৌ-পরিবহন মন্ত্রণালয়ের ০৬ [ছয়] ক্যাটাগরি পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে অনলাইনে আবেদনকারী প্রার্থীদের বিভিন্ন পদের লিখিত পরীক্ষা নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে : -

পরীক্ষার তারিখ ও সময়	পরীক্ষা কেন্দ্রের নাম	পদের নাম
২৯.০৮.২০১৮ খ্রিঃ বুধবার দুপুর ১.৩০ টা থেকে বিকাল ৪.৩০ টা পর্যন্ত	ঢাকা মহিলা পলিটেকনিক ইন্সটিটিউট, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।	“ইন্সট্রাক্টর [মেরিন ইঞ্জিনিয়ারিং]” নৌ-পরিবহন মন্ত্রণালয়ের অধীন ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট
		“ইন্সট্রাক্টর [সীম্যানশীপ]” নৌ-পরিবহন মন্ত্রণালয়ের অধীন ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট
৩০.০৮.২০১৮ খ্রিঃ বৃহস্পতিবার দুপুর ১.৩০ টা থেকে বিকাল ৪.৩০ টা পর্যন্ত	ঢাকা মহিলা পলিটেকনিক ইন্সটিটিউট, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।	“রেডিও ইলেকট্রনিক্স টেকনিশিয়ান” নৌ-পরিবহন মন্ত্রণালয়ের অধীন মেরিন একাডেমি, চট্টগ্রাম।
		“সহকারী যোগাযোগ প্রকৌশলী” স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের অধীন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর।
		“ফোরম্যান” [মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত] স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের অধীন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর।
		“পরিদর্শক” [মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত] নৌ-পরিবহন মন্ত্রণালয়ের অধীন নৌ-পরিবহন অধিদপ্তর।

২. কেবল অনলাইনে আবেদনকারী প্রার্থীগণ ডাউনলোডকৃত প্রবেশপত্রসহ লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। প্রবেশপত্র ছাড়া কোনো প্রার্থীকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না। এখানে উল্লেখ্য যে, “ফোরম্যান” ও “পরিদর্শক” পদে অনলাইনে আবেদনকারী মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীরাই কেবল লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

৩. নৌ-পরিবহন মন্ত্রণালয়ের অধীন মেরিন একাডেমি, চট্টগ্রাম এর “রেডিও ইলেকট্রনিক্স টেকনিশিয়ান” পদের যোগ্য প্রার্থীরাই লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। উক্ত পদের যোগ্য ও বাতিল তালিকা কমিশনের ওয়েব সাইটে [www.bpsc.gov.bd] পাওয়া যাবে।

৪. প্রার্থীদের রেজিঃ নম্বরের তালিকা, আসন ব্যবস্থা এবং লিখিত পরীক্ষা সংক্রান্ত প্রমিত নির্দেশাবলি কমিশনের ওয়েবসাইটে [www.bpsc.gov.bd] পাওয়া যাবে।

[চাকরির ক্ষেত্রে কোনোরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে]
[পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন]

স্বাক্ষরিত/-
[আ. ই. ম. নেছার উদ্দিন]
পরীক্ষা নিয়ন্ত্রক [ক্যাডার]

